06

তারিখ ...2.1 JAN 1995 ... ...
পৃষ্ঠা... ৬ ... ...কলাম ..৫ ...

দৈনিক বাংলা

# ৫টি স্কুলে ভর্তি পরীক্ষা ঃ একটিতে ৮০ আসনে নয়শত প্রার্থী

স্টাফরিপোর্টার ঃ রাজধানীর সরকারী স্কুলের ভর্তি পরীক্ষার সোমবার ছিল চতুর্থ দিন। এদিনে ৫টি সরকারী স্কুলে ভর্তি পরীক্ষা হয়। ভর্তি পরীক্ষার অন্যান্য দিনের মত গতকালও প্রতিটি স্কুলের সামনে অভিভবাক্-অভিভাবিকার ভিড় ছিল। তারা সকলেই পরীক্ষা চলাকালে উদ্বেগ নিয়ে বাইরে অপেক্ষা করছিলেন।

গতকাল তিনটি স্কুলের বিভিন্ন ক্লাসে মোট ৫শ' ৯১টি সিটের জন্যে প্রতিদ্বন্দ্বিতা করে দুই হাজার ৫৪২ জন প্রার্থী। এ স্কুলগুলো হল তেজগাঁও গভঃ গার্লস হাই স্কুল, ধানমন্ডি সরকারী বয়েজ হাই স্কুল ও খিলগাঁও সরকারী হাই স্কুল।

গতকালের ভর্তি পরীক্ষায় সবচেয়ে বেশী প্রতিদ্বন্দ্বিতা হয় ধানমন্ডি সরকারী

আটের পাতায় ৬ কঃ দ্রঃ

## ৫টি স্কুলে ভর্তি

(প্রথম পৃঃ পর)

বয়েজ হাই স্কুলে। এ বিদ্যালয়ে দুটি শ্রেণীতে ৮০টি আসনের জন্য ৯শ ১৮ জন প্রার্থী ছিল। এর মধ্যে প্রথম শ্রেণীর একটি সেকশনের ৪০টি আসনের জন্য ৪৫৪ জন, ষষ্ঠ শ্রেণীর ৪০টি আসনের জন্য ৪৬৪ জন ভর্তি পরীক্ষা দেয়। খিলগাঁও সরকারী উচ্চ বিদ্যালয়ের দুটি শ্রেণীতে ৯০টি আসনের জন্য প্রার্থী হয়েছে ৬শ ৯৮ জন ছাত্র। তেজগাঁও গভঃ গার্লস হাই স্কুলের বিভিন্ন শ্রেণীতে ৪২১টি সিটের জন্য প্রতিদ্বন্দ্বিতা করে ৯২৬ জন প্রার্থী। এছাড়া গভঃ মুসলিম হাই স্কুল ও নারিন্দা গভঃ হাই স্কুলেও ভর্তি পরীক্ষা হয়।